**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) দেশজুড়ে আজ সংবিধান হত্যা দিবস পালিত হচ্ছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সংবিধানের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যকে নেশামুক্ত রাখার ক্ষেত্রে রাজ্য সরকার জিরো টলারেন্স নীতি নিয়ে চলেছে।**

**(৩) কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের রাষ্ট্রমন্ত্রী রক্সা নিখিল খাডসে ঊনকোটি জেলাতে সরকারী উন্নয়নমূলক কাজকর্মের ভূয়সী প্রশংসা করেছেন।**

**(৪) বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ খুমলুঙে রাজ্য ভিত্তিক গণবৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।**

*********************************************

**Samvidhan Hatya Diwas-National :**

দেশজুড়ে আজ সংবিধান হত্যা দিবস পালিত হচ্ছে। আকাশবাণী সংবাদদাতা জানিয়েছেন যে ১৯৭৫ সালের এই দিনে রাষ্ট্রপতি ফখরুদ্দিন আলী আহমেদ অভ্যন্তরীণ অস্থিরতার কথা উল্লেখ করে ৩৫২ অনুচ্ছেদের অধীনে জরুরি অবস্থা ঘোষণা করেছিলেন। নির্বাহী বিভাগকে প্রধান ক্ষমতা দেওয়া হয়েছিল এবং রাজ্য কর্তৃপক্ষকে কেন্দ্রীয় নিয়ন্ত্রণে আনা হয়েছিল। ঘোষণার পর, সাংবিধানিক সুরক্ষা ব্যবস্থাগুলি পদ্ধতিগতভাবে স্থগিত করা হয়েছিল। নাগরিকদের প্রতিকারের জন্য আদালতে যেতে নিষেধ করা হয়েছিল। সমস্ত সংবাদপত্রের উপর প্রাক-সেন্সরশিপ আরোপ করা হয়েছিল। এমনকি ভারতের প্রেস কাউন্সিলও বাতিল করা হয়েছিল। আকাশবাণীর মন কি

বাত অনুষ্ঠানে তার মতামত ভাগ করে নেওয়ার সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছিলেন যে জরুরি অবস্থা ছিল দেশের ইতিহাসের সবচেয়ে অন্ধকার যুগ যখন গণতন্ত্রকে সমর্থনকারীদের উপর অত্যাচার করা হয়েছিল।

*************************

**Sangbidhan Hatya Diwas-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ১৯৭৫ সালের ২৫শে জুন জারি করা জরুরি অবস্থা মানুষের মৌলিক অধিকারকে খর্ব করা হয়েছিল। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সংবিধান হত্যা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গণতন্ত্রকে রক্ষা করতে যারা অত্যাচারিত হয়েছিল তাদের প্রাপ্য সন্মান জানাতে এই দিনটি পালন করার সিদ্ধান্ত নিয়েছেন। সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন, ইতিহাস ভুলে গেলে নিজের অস্তিত্ব মুছে যায়। তিনি বলেন জাতি বা দেশকে তার ইতিহাস দেখে ভুলিয়ে দিতে পারলে তার কোনো অস্তিত্ব থাকে না। শ্রী দেব বলেন, মানুষকে তার অধিকার ও মুক্তির জন্য লড়াই করতে হবে এবং দেশের বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে সেই কালো ইতিহাস জানাতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, কৃতি দেবী দেববর্মন, পুলিশের মহানির্দেশক অনুরাগ প্রমুখ।

**************************

**CM-Anti Drug Campaign :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যকে নেশামুক্ত রাখার ক্ষেত্রে রাজ্য সরকার জিরো টলারেন্স নীতি নিয়ে চলেছে। আজ আগরতলার উমাকান্ত একাডেমির মাঠে নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে ড্রাগসের অপব্যবহার এবং অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরার ভৌগোলিক অবস্থানকে কাজে লাগিয়ে ড্রাগস পাচারকারিরা রাজ্যকে

করিডোর হিসেবে ব্যবহার করছে। অর্থের জন্য যারা ড্রাগস পাচারের সঙ্গে যুক্ত রাজ্য সরকার তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিয়েছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, মাদক ব্যবহারের সাথে এইডস বিস্তারের একটা সম্পর্ক রয়েছে। সেক্ষেত্রে নো টু ড্রাগস কর্মসূচিকে এগিয়ে নিয়ে যেতে সবাইকে এগিয়ে আসতে হবে।

মুখ্যসচিব জে কে সিনহা বলেন, ড্রাগস বিরোধী অভিযানের অঙ্গ হিসেবে রাজ্যে ১৯৩৩ নম্বরের একটি হেল্পলাইন এবং কিউআর কোড খোলা হয়েছে। রাজ্য পুলিশের ডি জি অনুরাগ বলেন, এবছর ৮ লক্ষ ৫০ হাজার গাঁজা গাছ ধ্বংস করা হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পতাকা নেড়ে একটি বাইক র‍্যালি ও পদযাত্রা এবং উমাকান্ত একাডেমিতেএকটি রক্তদান শিবিরের সূচনা করেন।

***************************

**Central Minister-Kailashahar :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের রাষ্ট্রমন্ত্রী রক্সা নিখিল খাডসে আজ কৈলাশহর সার্কিট হাউসে "পূর্বোত্তর সম্পর্ক সেতু" শীর্ষক জেলার উন্নয়নমূলক কাজকর্ম বিষয়ে এক পর্যালোচনা বৈঠকে অংশ নেন। বৈঠকে M.G.N.R.G.A, জল জীবন মিশন, প্রধানমন্ত্রী আবাস যোজনা, পি.এম-জনমন, জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচি, স্বচ্ছ ভারত মিশন সহ কেন্দ্রীয় সরকারের অন্যান্য জনমুখী কর্মসূচীর রূপায়ণ নিয়ে আলোচনা ও মত বিনিময় করা হয়। বৈঠক শেষে কেন্দ্রীয় মন্ত্রী রক্সা নিখিল খাডসে সাংবাদিকদের জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে কেন্দ্রীয় মন্ত্রীরা সফরে গিয়ে জনকল্যাণে গৃহীত কর্মসূচীর পর্যালোচনা করছেন। ঊনকোটি জেলাতে সরকারী উন্নয়নমূলক কাজকর্মের তিনি ভূয়সী প্রশংসা করেন।

বৈঠকে উপস্থিত ছিলেন সাংসদ কৃতি দেবী দেববর্মন, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী রক্সা নিখিল খাডসে আজ কৈলাশহরের শৈবতীর্থ ও প্রত্নভূমি ঊনকোটি পর্যটন স্থল পরিদর্শন করেন। এখানকার প্রত্ন নিদর্শন ও পাহাড়ের গায়ে খোদিত অপূর্ব স্থাপত্য-ভাস্কর্য ঘুরে ঘুরে দেখেন। ঊনকোটির কিংবদন্তি, লোককথা ইত্যাদি সম্পর্কে অবহিত হন। কেন্দ্রীয় মন্ত্রী আজ কৈলাশহরের ঊনকোটি ADC ভিলেজের নুনছড়াতে কেন্দ্রীয় সরকারের "জল জীবন মিশন" প্রকল্পে ৩ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে পানীয় জল প্রকল্প পরিদর্শন করেন। তাছাড়া কাউলীকুড়া গ্রামে কেন্দ্রীয় সরকারের MGNREGA প্রকল্পে ৯৮ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত জল নিষ্কাশনের ক্যানেল পরিদর্শন করেন।

**************************

**CM-Mock Parliament :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সংবিধানের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ আগরতলার সুকান্ত একডেমিতে ভারতীয় জনতা পার্টি যুব মোর্চার উদ্যোগে আয়োজিত মক পার্লামেন্ট অনুষ্ঠানে তিনি বলেন সংবিধানের প্রতি সন্মান না করলে কোনো দেশ বা রাজ্য সঠিক দিশায় চলতে পারেনা। সংবিধানকে কিভাবে সম্মান জানাতে হয় এবং গণতন্ত্রকে কিভাবে সুরক্ষিত রাখতে হয় তার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আদর্শ সবাইকে অনুসরণ করা উচিত। তিনি দেশে জরুরী অবস্থাকালীন সময়ের কথা উল্লেখ করে বলেন, দেশের ইতিহাসে সেটি একটি কালো অধ্যায় ছিল। বক্তব্য রাখেন বিজেপি রাজ্য সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য, বিজেপি প্রদেশ সহ সভাপতি তাপস ভট্টাচার্য, যুব মোর্চার রাজ্য সভাপতি ও বিধায়ক সুশান্ত দেব প্রমুখ।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Ek Ped Ma Ke Nam :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ খুমলুঙে রাজ্য ভিত্তিক গণবৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন। এক পেড় মাকে নামের দ্বিতীয় পর্বের আজ বন দপ্তর সারা রাজ্য ৫ মিনিটে ৬ লক্ষ বৃক্ষ রোপণ কর্মসূচীর আয়োজন করে। অনুষ্ঠানে বনমন্ত্রী পরিবেশগত ভারসাম্য রক্ষার গুরুত্ব দেন এবং বন ধ্বংস কারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহনের কথা উল্লেখ করেন। উপস্থিত ছিলেন এডিসির চেয়ারম্যান জগদীশ দেব্বর্মা, বিধায়ক মানব দেব্বর্মা, স্বপ্না দেব্বর্মা, প্রধান বন সংরক্ষক আর কে শ্যামল প্রমুখ।

দক্ষিন জেলায় আজ ১ লক্ষ ৬৬ হাজার গাছের চারা লাগানো হয় বলে জানিয়েছেন জেলা বন আধিকারিক প্রীতম ভট্টাচার্য।

*************************

**EMERGENCY-NARENDRA MODI :**

২৫শে জুন ১৯৭৫ গোটা দেশে যেন সূর্যের আলো ফুটতে ভুলে গিয়েছিলো। চারদিকে জরুরি অবস্থার ঘন অন্ধকার। গোটা দেশ কারাগারের নামান্তর হয়ে উঠেছিল। চৌঠা জুলাইয়ের মধ্যে, রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘও নিষিদ্ধ করা হয়েছিল। এই সময়ে গুজরাটের মানুষ এই স্বৈরশাসনের বিরুদ্ধে এবং সংঘের সমর্থনে বেরিয়ে এসেছিলেন। তখন সভা ও সমাবেশগুলি শক্তি সঞ্চয়

করতে শুরু করে। সেই সময় সংঘের একজন তরুণ প্রচারক এই সভা ও সমাবেশ আয়োজনে বড় ভূমিকা পালন করছিলেন। সেই যুবক ছিলেন আমাদের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একটি প্রতিবেদন।

########VC#######

***************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে 'দ্য ইমারজেন্সি ডায়েরিজ-ইয়ার্স দ্যাট ফোর্জড় আ লিডার' বইটি প্রকাশ করেছেন। বইটিতে জরুরি অবস্থার বিরুদ্ধে লড়াইয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর, যিনি তখন একজন তরুণ আরএসএস প্রচারক ছিলেন, তার গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরা হয়েছে। বইটিতে গণতন্ত্রের আদর্শের জন্য লড়াই করা শ্রী মোদীর একটি প্রাণবন্ত চিত্র তুলে ধরা হয়েছে। জরুরি অবস্থার ৫০তম বার্ষিকী উপলক্ষে সংবিধান হত্যা দিবসে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী শাহ বইটি প্রকাশ করেন। এই অনুষ্ঠানেই স্বরাষ্ট্রমন্ত্রী লোকতন্ত্র জিন্দাবাদ যাত্রার সূচনা করেন। সাংবিধানিক মূল্যবোধ, গণতান্ত্রিক অধিকার এবং জরুরি অবস্থা থেকে শেখা শিক্ষা সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে এই যাত্রা সারা দেশ ভ্রমণ করবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

এর আগে, সামাজিক মাধ্যমে একটি পোস্টে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে 'দ্য ইমার্জেন্সি ডায়েরিজ' বইটিতে জরুরি অবস্থার বছরগুলিতে তাঁর যাত্রার বর্ণনা রয়েছে। তিনি উল্লেখ করেন যে জরুরি অবস্থা বিরোধী আন্দোলন তাঁর জন্য একটি শিক্ষণীয় অভিজ্ঞতা ছিল।

***************************

**NF Railway :**

লামডিং-বদরপুর হিল সেকশনে ধ্বসে পড়া মাটি সরিয়ে রেল যোগাযোগ স্বাভাবিক করতে যুদ্ধকালীন তৎপরতায় কাজ চলছে। উত্তর পূর্ব সীমান্ত

রেলের পক্ষ থেকে আজ জানানো হয়েছে প্রায় ১০০ মিটার জায়গা থেকে মাটি সরানোর কাজ সম্পন্ন হলেই পরিস্থিতি স্বাভাবিক হতে পারে। স্বাভাবিক অবস্থা ফিরে না আসা পর্যন্ত কিছু ট্রেনের যাত্রা পুরোপুরি বা আংশিক বাতিল করা হয়েছে। এর ফলে আগরতলা থেকে বহিঃ রাজ্যগামী বেশ কিছু দুরপাল্লার ট্রেন বাতিল করা হয়েছে। ২০৫০২ আনন্দবিহার টার্মিনাল –আগরতলা তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনের আজকের যাত্রা বাতিল করা হয়েছে। আগামীকালের ০৫৬২৮ আগরতলা–গুয়াহাটি স্পেশাল ট্রেন এবং ২৭শে জুন ০৫৬২৭ গুয়াহাটি–আগরতলা ট্রেন বাতিল করা হয়েছে। আগরতলা থেকে আংশিক বাতিল ট্রেনগুলির মধ্যে রয়েছে ১৩১৭৪ সাব্রুম–শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আগামীকাল সাব্রুমের পরিবর্তে লামডিং থেকে রওনা হবে। ১২৫২০ আগরতলা–লোকমান্য তিলক টার্মিনাল এক্সপ্রেস আগরতলার পরিবর্তে কামাখ্যা থেকে যাত্রা শুরু করবে। উত্তরপূর্ব সীমান্ত রেলের বিবৃতিতে যাত্রীদের নিয়মিত সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে ওয়াকিবহাল হবার জন্য রেলওয়ের সরকারী যোগাযোগ চ্যানেল অনুসরণের পরামর্শ দেওয়া হয়েছে।

******************************

**DAJBA–Sepahijala :**

সিপাহীজলা জেলায় ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের কাজকর্মের অগ্রগতি সন্তোষজনক। আজ সিপাহীজলা জেলাশাসক অফিসে এক পর্যালোচনা বৈঠক শেষে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা জানিয়েছেন। তিনি জানান, এই অভিযানের জন্য সিপাহীজলা জেলায় মোট ৩৮টি গ্রামকে চিহ্নিত করা হয়েছে। সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা উল্লেখিত এলাকাগুলির ১০০ শতাংশ মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য সিপাহীজলা জেলায় মিশন মোডে কাজ চলছে। পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, জেলার বিধায়কগণ।

***************************

**Weather :**

রাজ্যের ঊনকোটি এবং উত্তর জেলায় আগামী ২৪ ঘন্টায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। বাকি অন্যান্য জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতেরও সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

***************************